



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
সরকারি কলেজ শাখা-২
www.dshe.gov.bd



ঢাকা

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০১.২০.২৯২

তারিখ: ২ আশ্বিন ১৪২৭

১৭ সেপ্টেম্বর ২০২০

অফিস আদেশ

নাগরপুর সরকারি কলেজ, নাগরপুর, টাঙ্গাইল-এর অধ্যক্ষ ড. মো: একরামুল হক (২৫৩৪), সহযোগী অধ্যাপক (ইসলামী শিক্ষা)-কে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ৩০/০৭/২০২০ তারিখের ৩৭.০০.০০০০.০৬৭.০০২.২০১৭-১৮৪ সংখ্যক প্রজ্ঞাপন মোতাবেক অধ্যাপক (ইসলামী শিক্ষা) পদে পদোন্নতি প্রদান করা হয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ও.এস.ডি) হিসেবে যোগদানপূর্বক পূর্ববর্তী পদের দায়িত্ব পালনের নির্দেশনা প্রদান করা হয়। নির্দেশনার প্রেক্ষিতে উক্ত কর্মকর্তা অধিদপ্তরে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে পদোন্নতিপ্রাপ্ত পদে (অধ্যাপক, ইসলামী শিক্ষা) যোগদান করেন এবং পূর্ব পদের (অধ্যক্ষ, নাগরপুর সরকারি কলেজ, টাঙ্গাইল) দায়িত্ব পালনের লক্ষ্যে আর্থিক ক্ষমতা প্রদানের জন্য আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে কলেজের কর্মচারীদের বেতনভাতাদি ও জরুরী কার্যাদি সম্পন্ন করার লক্ষ্যে প্রফেসর ড. মো: একরামুল হক (২৫৩৪)-কে সাময়িকভাবে আর্থিক ক্ষমতা প্রদান করা হলো।

২. কলেজের কার্যাদি সম্পাদনের জন্য তাঁকে প্রতিষ্ঠানিক বেতন-ভাতা ও সম্মানীসহ আনুষঙ্গিক বিলসমূহ স্বাক্ষরদানের ক্ষমতা ট্রেজারী ও সাবসিডিয়ারী আইনের এসআরও/৯৬ ভিলিয়ম-১ ধারা মোতাবেক সাময়িকভাবে প্রদান করা হলো।

৩। উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতা থাকাকালীন সময়ে যে কোন প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনি দায়ী থাকবেন। তাঁকে নির্দিষ্ট রেজিস্ট্রারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোন দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১৭-৯-২০২০

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০১.২০.২৯২/১

তারিখ: ২ আশ্বিন ১৪২৭

১৭ সেপ্টেম্বর ২০২০

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২) পরিচালক (কলেজ ও প্রশাসন উইং), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৩) উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৪) প্রফেসর ড. মো: একরামুল হক (২৫৩৪), নাগরপুর সরকারি কলেজ, নাগরপুর, টাঙ্গাইল;

- ৫) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন ঢাকা;
৬) বিভাগীয়/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,;
৭) সংরক্ষণ নথি।



১৭-৯-২০২০

মোহাম্মদ দেলোয়ার হোসেন
সহকারী পরিচালক